# বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি
## (বাপিডিপ্রকৌস)

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০, ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬
E-mail : bpwddea@gmail.com, Website: www.bapidiprokous.com, Mobile app: bapidiprokous

স-৮

### বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির (টার্ম ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ) কেন্দ্রীয় পরিষদ এর

### প্রথম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোহাম্মদ রায়হান মিয়া, সভাপতি, বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি (বাপিডিপ্রকৌস)।

সঞ্চালনা ঃ জনাব মুহাম্মদ আনিসুজ্জামান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি (বাপিডিপ্রকৌস)।

তারিখ ঃ ১৬/০৮/২০২৫ ইং, রোজ শনিবার, সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

স্থান ঃ বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি (বাপিডিপ্রকৌস), কেন্দ্রীয় কার্যালয়, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**সভার আলোচ্য বিষয় সমূহ ঃ**

সাংগঠনিক ঃ

১. সদস্য প্রকৌশলীদের নিজের অধিকার বিষয়ে সচেতন করা।
২. সদস্য প্রকৌশলীদের সংগঠনের সাথে সম্পৃক্ত করনের বিষয়ে কার্যক্রম।
৩. জেলা পর্যায়ে অবসরপ্রাপ্ত সদস্য প্রকৌশলীদের সাথে যোগাযোগ করা।
৪. সাংগঠনিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভাগীয় সম্মেলন আয়োজন।
৫. ত্রৈমাসিক পত্রিকা উত্তরন নিয়মিতভাবে প্রকাশের কার্যক্রম গ্রহন।

পেশাগত বিষয় ঃ-

১. বিসিএস গণপূর্ত ক্যাডারের গ্রেডেশন।
২. উপ-বিভাগীয় প্রকৌশলী পদে চলতি দায়িত্ব প্রদান।
৩. উপ-সহকারী প্রকৌশলী (সিভিল ও ই/এম) হতে সহকারী প্রকৌশলী পদে পদোন্নতি প্রদান।
৪. ঢাকা মহানগরী ও বিভাগীয় জেলাতে উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল ও ই/এম) পদে আনুপাতিক হারে পদোন্নতিপ্রাপ্ত উপ-বিভাগীয় প্রকৌশলী পদে পদায়ন।
৫. গণপূর্ত অধিদপ্তরের দরপত্র মূল্যায়নে অধিকতর স্বচ্ছতা আনয়নে উপ-সহকারী প্রকৌশলীদের অন্তর্ভূক্ত করণ।
৬. মোটর সাইকেলের জ্বালানী ও মেরামত।
৭. উপ-সহকারী প্রকৌশলীগণকে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান।
৮. উপ-সহকারী প্রকৌশলীদের কম্পিউটার ও অফিস ইকুইপমেন্ট প্রদান (প্রাধিকারভূক্তকরণ)।
৯. কাজের সমবন্টন।
১০. প্রকল্প ভাতা বিষয়ে কার্যক্রম।
১১. CMS প্রশিক্ষণে সকল উপ-সহকারী প্রকৌশলীদের নিশ্চিত করণ।
১২. গণপূর্ত অধিদপ্তর যে সকল মন্ত্রণালয়ের কাজ বাস্তবায়ন করে সে সকল মন্ত্রণালয় লিঁয়াজো করার জন্য প্রেষণে নির্বাহী প্রকৌশলী পদায়ন।
১৩. মানবিক/সাধারণ বদলি (আবেদনের প্রেক্ষিতে)।
১৪. সুপার নিউমারী পদ সৃষ্টি করার বিষয়ে কার্যক্রম।
১৫. অন-লাইন মিটিং এর বিষয়ে আলোচনা।
১৬. বিবিধ।

# বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি
## (বাপিডিপ্রকৌস)

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০, ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬
E-mail : bpwddea@gmail.com, Website: www.bapidiprokous.com, Mobile app: bapidiprokous

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত নেতৃবৃন্দকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা ও বিগত দিনের কার্যক্রমের উপর রিপোর্ট উপস্থাপনের জন্য সাধারণ সম্পাদক জনাব মুহাম্মদ আনিসুজ্জামান'কে অনুরোধ করেন। সাধারণ সম্পাদক ১ম ত্রৈমাসিক সভায় উপস্থিত সকল নেতৃবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বক্তব্যের শুরুতেই ভাষা আন্দোলন, মহান স্বাধীনতা যুদ্ধ ও সর্বশেষ ২০২৪ এর বৈষম্যবিরোধী আন্দোলনে আত্মত্যাগকারী শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এদেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে আত্মোৎসর্গকারী শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। বাপিডিপ্রকৌস এর প্রয়াত সকল নেতা ও সদস্য প্রকৌশলীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করেন।

তিনি বলেন, বিগত ১০/০৫/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত বাপিডিপ্রকৌস'র কেন্দ্রীয় পরিষদ ও ঢাকাস্থ কাউন্সিলর নির্বাচনে বর্তমান কেন্দ্রীয় পরিষদকে বিপুল ভোটে নির্বাচিত করায় সদস্য প্রকৌশলীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। এরই ধারাবাহিকতায় বিগত ১৬ মে ২০২৫ ইং তারিখে শপথ গ্রহণের মাধ্যমে বর্তমান কেন্দ্রীয় পরিষদ সাংগঠনিক কার্যক্রম শুরু করে। গত ১০ আগষ্ট ২০২৫ ইং তারিখে কেন্দ্রীয় পরিষদের সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ষপুঞ্জি অনুযায়ী আজকের বর্তমান টার্মের প্রথম ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়েছে। তিনি বিগত প্রায় ০৩ মাসের কেন্দ্রীয় পরিষদ কর্তৃক গৃহীত কার্যক্রমের উপর সংক্ষিপ্ত রিপোর্ট সভায় সদয় জ্ঞাতার্থে উপস্থাপন করেন।

০১। <u>সমিতি কর্তৃক গৃহীত কার্যক্রম ঃ</u>

| | | |
|---|---|---|
| ক) | কেন্দ্রীয় পরিষদের একক সাপ্তাহিক সভা হয়েছে। | = ১১ টি |
| খ) | সোমবারের নিয়মিত সাপ্তাহিক সাধারণ সভা হয়েছে। | = ০৯ টি |
| গ) | কেন্দ্রীয় পরিষদ ও ঢাকাস্থ কাউন্সিলরবৃন্দের সমন্বয়ে কেন্দ্রীয় পরিষদের যৌথ সভা হয়েছে। | = ০১ টি |
| ঘ) | কেন্দ্রীয় পরিষদ ও পদোন্নতি উপ-কমিটি এবং পদোন্নতি প্রত্যাশিদের সমন্বয়ে যৌথ সভা হয়েছে। | = ০২ টি |
| ঙ) | পেশাগত বিষয় নিয়ে প্রকৌশলীদের সাথে সভা। | = ০২ টি |
| চ) | আইডিইবি'র সাথে কেন্দ্রীয় পরিষদের যৌথ সভা। | = ০১ টি |
| ছ) | প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে কেন্দ্রীয় পরিষদের পরিচিতি ও মতবিনিময় সভা। | = ০১ টি |
| জ) | বিগত ১৬ জুলাই ২০২৫ ইং তারিখে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। | = ০১ টি |
| ঝ) | বিগত ১১ আগস্ট ২০২৫ ইং তারিখে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভাপতিত্বে পেশাগত বিষয় নিয়ে আলোচনা সভা | = ০১ টি |
| ঞ) | বিগত ২৮ জুলাই ২০২৫ ইং তারিখে বিসিএস (গণপূর্ত) ক্যাডারে কর্মকর্তাদের নিয়োগ বিধি, পদোন্নতি, চলতি দায়িত্ব প্রদান এবং সাংগঠনিক কাঠামোসহ সার্বিক বিষয় নিয়ে আলোচনার নিমিত্তে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন অনু বিভাগ-২) জনাব শাকিলা জেরিন আহমেদ এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। | = ০১ টি |

# বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি
## (বাপিডিপ্রকৌস)

**পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০, ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬**

**E-mail : bpwddea@gmail.com, Website: www.bapidiprokous.com, Mobile app: bapidiprokous**


বর্তমান কেন্দ্রীয় পরিষদ ডিপ্লোমা প্রকৌশলীদের আত্মসন্মান, মর্যাদা অক্ষুণ্ণ রেখে অভীষ্ট লক্ষ্য অর্জনের নিমিত্তে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। আমরা আমাদের নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী সদস্যদের কল্যাণে কাজ করে যাবো। কোন অন্যায়ের সাথে আপোষ করবো না। কারো সাথে বৈরীতা নয় সকলের সাথে সৌহার্দপূর্ণ সম্পর্ক বজায় রেখেই কাজ করতে চাই। আমাদের ০৩ বছরের কর্মফলই আগামীতে আমাদের ভবিষ্যৎ গড়ে দিবে। সদস্য প্রকৌশলীদের সহযোগিতা পেলে নিশ্চয়ই আমরা সকল বাধা অতিক্রম করে ডিপ্লোমা প্রকৌশলীদের স্বার্থ সংরক্ষণ করতে পারবো। সাধারণ সম্পাদক বলেন, বিগত ১৬ জুলাই ২০২৫ ইং তারিখে বিসিএস (গণপূর্ত) ক্যাডারের কর্মকর্তাদের নিয়োগ বিধি, পদোন্নতি, চলতি দায়িত্ব প্রদান এবং সাংগঠনিক কাঠামোসহ সার্বিক বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব নজরুল ইসলামের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাপিডিপ্রকৌস এর সভাপতি ও সাধারণ সম্পাদক সহ ৭ সদস্য বিশিষ্ট প্রতিনিধি সভায় যোগদান করেন। সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ হলেন (১) জনাব মোহাম্মদ রেজাউল ইসলাম খান, উপ-বিভাগীয় প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত উপ-বিভাগ-২; (২) জনাব মোঃ ইরশাদুল ইসলাম, উপ-বিভাগীয় প্রকৌশলী, ঢাকা গণপূর্ত ই/এম বিভাগ-৭; (৩) জনাব মোঃ আব্দুছ ছালাম, সহকারী প্রকৌশলী, সিলেট গণপূর্ত বিভাগ; (৪) জনাব মোঃ খালিদ হাসান, সহকারী প্রকৌশলী, গাজীপুর গণপূর্ত বিভাগ। উক্ত সভার মতামতের ভিত্তিতে অতিরিক্ত সচিব (প্রশাসন অনু বিভাগ-২) জনাব শাকিলা জেরিন আহমেদ'কে আহবায়ক করে ১০ (দশ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেন। উক্ত কমিটিতে বাপিডিপ্রকৌস এর পক্ষ থেকে ৩ জনকে অন্তর্ভূক্ত করা হয়। কমিটির সদস্যগণ হচ্ছেন ঃ জনাব মুহাম্মদ আনিসুজ্জামান, সাধারণ সম্পাদক, বাপিডিপ্রকৌস; জনাব মোহাম্মদ রেজাউল ইসলাম খান, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) (চঃ দাঃ), মতিঝিল গণপূর্ত উপ-বিভাগ-২, ঢাকা এবং জনাব মোঃ ইউনুস, যুগ্ম-সম্পাদক-১, বাপিডিপ্রকৌস। এছাড়াও অন্যান্য সদস্যগণ হলেন- জনাব জনাব বাবর আলী মীর, বিজ্ঞ আইন উপদেষ্টা (আইন অনুবিভাগ), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়; জনাব মোঃ শামছুদ্দোহা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও বিশেষ প্রকল্প), গণপূর্ত অধিদপ্তর; জনাব মোহাম্মদ মিজানুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়; জনাব মোহাম্মদ পারভেজ খাদেম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ) (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর; জনাব মুহাম্মদ মনিরুজ্জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), ঢাকা গণপূর্ত সার্কেল-৪; জনাব আব্দুল্লাহ আল শামস, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) (চঃ দাঃ), গণপূর্ত ডিজাইন বিভাগ-২, ঢাকা। বিগত ২৮ জুলাই ২০২৫ তারিখে উক্ত কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া কমিটির সভার সভাপতি ও মন্ত্রণালয়ের অন্যান্য সদস্যগণ পৃথক পৃথক ভাবে উভয়ের সাথে আলোচনা করেন। পরবর্তীতে বিগত ০৬ আগস্ট ২০২৫ তারিখে সকলের মতামতের ভিত্তিতে ৪টি সুপারিশ প্রদান করে। উক্ত সুপারিশের (গ) অনুসারে আইন মন্ত্রণালয়ের মতামতের জন্য প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সাধারণ সম্পাদক আরো বলেন গত ১১ আগস্ট ২০২৫ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে ডিপ্লোমা প্রকৌশলীদের পেশাগত বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাপিডিপ্রকৌস এর সভাপতি ও সাধারণ সম্পাদক সহ ৫ সদস্য বিশিষ্ট প্রতিনিধি দল উপস্থিত ছিলেন। উক্ত সভায় সদস্যদের বিভিন্ন সমস্যা তুলে ধরা হয়। সচিব মহোদয় উক্ত বিষয়গুলো অধিকতর যাচাই বাছাই করার জন্য অতিরিক্ত সচিব জনাব শাকিলা জেরিন আহমেদ ও জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম-সচিব কে দায়িত্ব প্রদান করেন।

সভার সভাপতি জনাব মোহাম্মদ রায়হান মিয়া, সভাপতি, বাপিডিপ্রকৌস, কেন্দ্রীয় পরিষদ সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় উপস্থাপিত আলোচ্য বিষয়সমূহের উপর সুচিন্তিত মতামত প্রদান ও বাপিডিপ্রকৌসের বিগত দিনের কার্যক্রম পর্যালোচনা এবং আগামী দিনের করণীয় সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদানের জন্য নেতৃবৃন্দের প্রতি আহবান জানান।

প্রথম ত্রৈমাসিক সভায় কেন্দ্রীয় নেতৃবৃন্দের মধ্য থেকে আলোচ্যসূচী সমূহের উপর বক্তব্য রাখেন (১) জনাব মোঃ আল-আমীন, কাউন্সিলর (২) জনাব আসিফ হাসান রেজা, কাউন্সিলর (৩) জনাব মোহাম্মদ ফৌজুল কবির, কাউন্সিলর (৪) জনাব মোঃ ফায়সাল সরদার, কাউন্সিলর (৫) জনাব মোহাম্মাদ মাসুদ মোল্লা, কাউন্সিলর (৬) জনাব মোঃ রফিকুল ইসলাম, কাউন্সিলর (৭) জনাব খায়রুল ইসলাম, কাউন্সিলর (৮) জনাব মোঃ আলী আকবর মিয়া, কাউন্সিলর (৯) জনাব বাপ্পী চাকমা, কাউন্সিলর (১০) জনাব আব্দুল্লাহ আল মামুন, সহ-দপ্তর সম্পাদক (১১) জনাব

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০, ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬
E-mail : bpwddea@gmail.com, Website: www.bapidiprokous.com, Mobile app: bapidiprokous

রাসেল মাহমুদ, শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক (১২) জনাব মোঃ এনামুল হক, সাংগঠনিক সম্পাদক (১৩) জনাব মোহাম্মদ সিরাজুম মুনীর, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক (১৪) জনাব মোঃ ইউনুছ, যুগ্ম-সম্পাদক-১ (১৫) জনাব মোঃ আশরাফ, নির্বাহী সদস্য-৭ (১৬) জনাব মোঃ ছাইদুজ্জামান, সহ-সভাপতি (রাজশাহী) (১৭) জনাব মোঃ নূরুল ইসলাম তালুকদার, আইন ও চাকরি বিষয়ক সম্পাদক (১৮) জনাব মোঃ মিজানুর রহমান, সহ-সভাপতি (বরিশাল)।

বক্তাগণ সভায় উত্থাপিত সাধারণ সম্পাদকের রিপোর্টিং এবং বর্তমান কমিটি সদস্যদের কল্যাণে যে কাজ করে যাচ্ছেন তার প্রশংসা করেন। বক্তাগণ বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির(বাপিডিপ্রকৌস) সাংগঠনিক কার্যক্রম জোরদার করণ, উপ সহকারী প্রকৌশলী হতে সহকারী প্রকৌশলী (সিভিল) পদে পদোন্নতি, উপ-সহকারী প্রকৌশলী পদে সাধারণ ও মানবিক বদলী, বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির কেন্দ্রীয় পরিষদ এর সাংগঠনিক সফর, আইডিইবি এর সদস্য অন্তর্ভূক্ত করণ বিষয়ে আলোচনা ও বাপিডিপ্রকৌস এর সদস্যদের কল্যাণ তহবিল বিষয়ে আলোচনা পূর্বক তাদের সুচিন্তিত মতামত ও পরার্মশ প্রদান করেন। নেতৃবৃন্দ তাদের বক্তব্যে উল্লেখ্য করেন যে, সাংগঠনিক সফর শুরু করা, সাংগঠনিক কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ঢাকাস্থ সাংগঠনিক উপ-কমিটি পুর্ণগঠন করা, বাপিডিপ্রকৌস এর নতুন প্রজন্মের সদস্যদের আইডিইবি'র সদস্য হতে উৎসাহিত করা, মানবিক বদলিতে সহযোগিতা করে দ্রুত সমাধান করা, পদোন্নতির কার্যক্রম ত্বরান্বিত করা, সাংগঠনিক কার্যক্রম গতিশীল করার জন্য সকল সম্পাদকদের স্ব-স্ব দায়িত্ব আরও সঠিকভাবে পালন করা, প্রতি মাসে নূন্যতম একটি সভা করার জন্য জেলা কমিটিকে অবহিত করণ। এছাড়া যে সকল সম্পাদকদের এবং নির্বাহী সদস্যদের সুনির্দিষ্ট দায়িত্ব নেই তাদেরকে বিভিন্ন কাজের দায়িত্ব দিয়ে সাংগঠনিক কাজ জোরদার করা প্রয়োজন। সহ-সভাপতিগণ তাঁর বিভাগের আওতাধীন জেলাসমূহে সফরের মধ্যদিয়ে সাংগঠনিক কার্যক্রম জোরদার করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে পারেন বলে বক্তাগণ অভিমত প্রকাশ করেন। প্রত্যেক বিভাগে বিভাগীয় সম্মেলন করার বিষয়ে অধিকাংশ বক্তা মতামত ব্যক্ত করেন।

সভায় সহ সভাপতিগণ তাদের বক্তব্যে উল্লেখ করেন যে, নব নিযুক্ত উপ-সহকারী প্রকৌশলীদের Fundamental/Foundation Training এর ব্যবস্থা করা, সাংগঠনিক কার্যক্রম জেলা পর্যায়ে ধারাবাহিক ভাবে চলছে তবে সভাগুলোতে সদস্যদের উপস্থিতির হার কম। বিভাগীয় মামলার ব্যাপারে জেলা পর্যায়ে কেন্দ্র থেকে যোগাযোগ করলে ভাল হয় বলে সভায় উল্লেখ করেন। সাংগঠনিক সফর একাধিক বিভাগ এক সঙ্গে করলে ভাল হয় এবং সাংগঠনিক কার্যক্রম জোরদার করার লক্ষ্যে নেতৃবৃন্দ ত্যাগ স্বীকার করে পূর্বের ন্যায় এবং বর্তমানের ধারাবাহিকতা বজায় রেখে এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

প্রথম ত্রৈমাসিক সভার সম্মানিত সভাপতি তথা বাপিডিপ্রকৌস কেন্দ্রীয় পরিষদের সভাপতি জনাব মোহাম্মদ রায়হান মিয়া, সকল সম্মানিত নেতৃবৃন্দকে আলোচ্য সূচীর উপর তাদের সুচিন্তিত মতামত প্রদান করায় ধন্যবাদ জানান। তিনি তাঁর বক্তব্যে বলেন আমাদের মূল লক্ষ্য হচ্ছে, সদস্য প্রকৌশলীদের কল্যাণে কাজ করে যাওয়া। আমরা দৃঢ় ভাবে বিশ্বাস করি যে আমরা একটি শক্তিশালী ও কার্যকর কেন্দ্রীয় পরিষদ গঠনে সক্ষম হয়েছি। সমিতির কার্যক্রম পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। তিনি কেন্দ্রীয় নেতৃবৃন্দকে সদস্যদের কল্যাণে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি সভার উত্থাপিত আলোচ্যসূচীর উপর নেতৃবৃন্দের বিস্তারিত মতামতের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত প্রদান করেন।

**সিদ্ধান্ত নং-১ ঃ** বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির (বাপিডিপ্রকৌস) এর গঠনতন্ত্রের ধারা-১১(১) মোতাবেক জেলা কমিটিকে প্রতি মাসে একটি সভা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং সভার কার্যবিবরণী কেন্দ্রীয় পরিষদের নিকট প্রেরণের সিদ্ধান্ত গ্রহন করা হয়।

**সিদ্ধান্ত নং-২ ঃ** সদস্য প্রকৌশলীদের মানবিক বদলির বিষয়ে পূর্বের ন্যায় কেন্দ্রীয় পরিষদের সহযোগিতা প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

# বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি
## (বাপিডিপ্রকৌস)

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০, ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬
E-mail : bpwddea@gmail.com, Website: www.bapidiprokous.com, Mobile app: bapidiprokous

সিদ্ধান্ত নং-৩ ঃ বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির(বাপিডিপ্রকৌস) সকল সদস্যকে আইডিইবির সদস্য পদ গ্রহণ করতে হবে। এ বিষয়ে কেন্দ্রীয় পরিষদ ও জেলা কমিটিকে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সিদ্ধান্ত নং-৪ ঃ বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির (বাপিডিপ্রকৌস) কেন্দ্রীয় পরিষদ কর্তৃক দ্রুত সাংগঠনিক সফর করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সিদ্ধান্ত নং-৫ ঃ বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি (বাপিডিপ্রকৌস) এর ত্রৈমাসিক পত্রিকা উত্তরণ নিয়মিতভাবে প্রকাশের সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সিদ্ধান্ত নং-৬ ঃ গণপূর্ত অধিদপ্তরের দরপত্র মূল্যায়নে অধিকতর স্বচ্ছতা আনয়নে উপ-সহকারী প্রকৌশলীদের অন্তর্ভূক্ত করণের বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সিদ্ধান্ত নং-৭ ঃ গণপূর্ত অধিদপ্তর যে সকল মন্ত্রণালয়ের কাজ বাস্তবায়ন করে সে সকল মন্ত্রণালয়ে লিঁয়াজো করার জন্য প্রেষণে নির্বাহী প্রকৌশলী পদায়নের বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সিদ্ধান্ত নং-৮ ঃ উপ-সহকারী প্রকৌশলীদের কম্পিউটার ও অফিস ইকুইপমেন্ট প্রদান (প্রাধিকারভূক্ত করণ) এর বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সিদ্ধান্ত নং-৯ ঃ উপ-সহকারী প্রকৌশলীগণকে বাধ্যতামূলক বুনিয়াদি প্রশিক্ষণের আওতায় আনার জন্য সচিব মহোদয়ের সাথে আলোচনা করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত নং-১০ ঃ ২০১৪ ব্যাচের (আংশিক) সদস্য প্রকৌশলীদের উচ্চতর গ্রেড প্রাপ্তির লক্ষ্যে এসিআর সংগ্রহ ও সংস্থাপনে তদারকি করার জন্য জনাব মাহমুদুল হাসান, সহ-সাংগঠনিক সম্পাদক'কে আহবায়ক এবং জনাব মোঃ শহিদুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী (ই/এম) কে সদস্য সচিব করে ১০ (দশ) সদস্য বিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত নং-১১ ঃ সদ্য অবসর প্রাপ্ত সদস্য প্রকৌশলীদের ফেয়ারওয়েল দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত নং-১২ ঃ এসএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ প্রাপ্ত সদস্য প্রকৌশলীদের কৃতি সন্তানদের সম্মাননা পুরস্কার দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ রায়হান মিয়া)
সভাপতি
কেন্দ্রীয় পরিষদ

স্মারক নং- স-৮/১৪৩২-১৪৩৪/৪৭(১০০)

তারিখ ঃ ১৭/০৮/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১। সহ-সভাপতি, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ, কেন্দ্রীয় পরিষদ, বাপিডিপ্রকৌস।
২। সভাপতি / সাধারণ সম্পাদক, বাপিডিপ্রকৌস................................................... জেলা কমিটি।
৩। জনাব .................................................................................................................... ।

(মুহাম্মদ আনিসুজ্জামান)
সাধারণ সম্পাদক
কেন্দ্রীয় পরিষদ